যুগান্তর

তারিখ 18 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# জঙ্গি প্রতিরোধে ইডেনে বায়োমেট্রিক হাজিরা

যুগান্তর রিপোর্ট

জঙ্গি প্রতিরোধে ইডেন কলেজে বায়োমেট্রিক পদ্ধতিতে হাজিরা ব্যবস্থা চালু হচ্ছে। প্রত্যেক ছাত্রীকে ক্লাসে নির্দিষ্ট মেশিনে আঙুলের ছাপ দিয়ে হাজিরা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ সম্প্রতি এ সিদ্ধান্ত নিয়েছে। কলেজের অধ্যক্ষ গায়ত্রী চ্যাটার্জি বলেন, এ পদ্ধতিতে হাজিরা নিয়ে ১০ দিন পরপর ছাত্রীর ক্লাসের উপস্থিতির তথ্য নিরীক্ষার পাশাপাশি তার অভিভাবকদের জানানো হবে।

১০ জুলাই শিক্ষা মন্ত্রণালয় ক্লাসে পরপর ১০ দিন অনুপস্থিত ছাত্রছাত্রীর ব্যাপারে তথ্য সংগ্রহ করা হবে বলে সিদ্ধান্ত নেয়। সাম্প্রতিক জঙ্গি হামলার ঘটনায় যেসব ছাত্রের জড়িত থাকার প্রমাণ পাওয়া গেছে তাদের বেশিরভাগই ক্লাসে অনুপস্থিত ছিল। অনেকে একটা পর্যায়ে নিখোঁজ হয়ে যায়। শিক্ষা মন্ত্রণালয় অনিয়মিত শিক্ষার্থীদের ব্যাপারে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়কে লিখিত নির্দেশনা দিয়েছে।

ইডেন কলেজে বায়োমেট্রিক পদ্ধতির হাজিরা বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মাসুমে রাব্বানী খান যুগান্তরকে জানান, 'বায়োমেট্রিক হাজিরা বাস্তবায়নের লক্ষ্যে আমরা প্রথমে ছাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশন করছি। রেজিস্ট্রেশনে ছাত্রীর নাম, অভিভাবকদের নাম, ফোন নম্বর, বিভাগ ইত্যাদি দিতে হচ্ছে। অনলাইন রেজিস্ট্রেশন শেষ হলে একজন ছাত্রীর আঙুলের ছাপ নেয়া হয়। ২৫ জুলাইয়ের মধ্যে এ কাজ শেষ হবে। আশা করছি আগামী মাসের মাঝামাঝিতে বায়োমেট্রিক পদ্ধতি বাস্তবায়ন করা যাবে।'